

🗏 আন-নামাল | An-Naml | ٱلنَّمْل

আয়াতঃ ২৭: ৪১

💵 আরবি মূল আয়াত:

قَالَ نَكِّرُوا لَهَا عَرِشَهَا نَنظُر اَتَهتَدِى اَم تَكُونُ مِنَ الَّذِينَ لَا يَهتَدُونَ ﴿ ٢٩﴾

সুলাইমান বলল, 'তোমরা তার জন্য তার সিংহাসনের আকার-আকৃতি পরিবর্তন করে দাও। দেখব সে সঠিক দিশা পায় নাকি তাদের অন্তর্ভুক্ত হয়ে পড়ে, যারা সঠিক দিশা পায় না'। — আল-বায়ান

সুলাইমান বলল- 'তার সিংহাসনের আকৃতি বদলে দাও, অতঃপর আমরা দেখি, সে (তার নিজের পৌঁছার পূর্বেই আলৌকিকভাবে তার সিংহাসন সুলায়মানের দরবারে রক্ষিত দেখে সত্য) পথের দিশা পায়, না যারা পথের দিশা পায় না সে তাদের অন্তর্ভুক্ত। — তাইসিরুল

সুলাইমান বললঃ তার সিংহাসনের আকৃতি বদলে দাও; দেখি সে সঠিক দিশা পায়, না কি সে বিভ্রান্তের অন্তর্ভুক্ত হয়। — মুজিবুর রহমান

He said, "Disguise for her her throne; we will see whether she will be guided [to truth] or will be of those who is not guided." — Sahih International

- 8১. সুলাইমান বললেন, তোমরা তার সিংহাসনের আকৃতি তার কাছে অপরিচিত করে বদলে দাও; দেখি সে সঠিক দিশা পায়, না সে তাদের অন্তর্ভুক্ত যাদের দিশা নেই।(১)
 - (১) এর অর্থ হচ্ছে, হঠাৎ তিনি স্বদেশ থেকে এত দূরে নিজের সিংহাসন দেখে একথা বুঝতে পারেন কি না যে এটা তারই সিংহাসন এবং এটা উঠিয়ে নিয়ে আসা হয়েছে। আবার এ বিস্ময়কর মু'জিযা দেখে তিনি সত্য-সঠিক পথের সন্ধান পান অথবা নিজের ভ্রষ্টতার মধ্যে অবস্থান করতে থাকেন কি না এ অর্থও এর মধ্যে নিহিত রয়েছে। [দেখুন: ইবন কাসীর; ফাতহুল কাদীর]

তাফসীরে জাকারিয়া

- (৪১) (সুলাইমান) বলল, 'তার সিংহাসনের আকৃতি বদলে দাও;[1] দেখি সে সঠিক চিনতে পারে, নাকি সে বিভ্রান্ত হয়?' [2]
 - [1] অর্থাৎ, তার রং, রূপ বা আকারে পরিবর্তন করে দাও।



[2] অর্থাৎ, দেখি সে জানতে পারে যে, সিংহাসনটি তার, নাকি জানতে পারে না। দ্বিতীয় অর্থ, সে হিদায়াত পায় কি, পায় না। অর্থাৎ এত বড় মু'জিযা দেখার পরও সে সঠিক (ঈমানের) পথ পায়, না পায় না।

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=3200

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন